## In the Court of the Ld. J.M. (1st Class) at Nabadwip, Nadia.

**C.R. Case No. 53/ 2025**

| বাদী | সাক্ষী | আসামী |
|---|---|---|
| শ্রী দীপঙ্কর রাজবংশী, বয়স- আঃ ৩৫ বৎসর, পিতা- শ্রী শ্রীবাস রাজবংশী, সাং- শ্রীচৈতন্য কলোনী, পোঃ ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন- ৭৪১৩০২। | ১) শ্রী গোপাল দাস, পিতা- অজ্ঞাত,<br>২) শ্রীবাস রাজবংশী, পিতা- মৃত ফটিক রাজবংশী,<br>৩) মানিক রাজবংশী, পিতা- হারাধন রাজবংশী,<br>৪) জগন্নাথ দাস, পিতা- গৌতম দাস<br>সর্ব সাং- শ্রীচৈতন্য কলোনী, পোঃ ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন- ৭৪১৩০২, সহ আরও অনেকে। | ১) শ্রীমতি মাম্পি রাজবংশী (সরকার) ওরফে মনিকা সরকার (রাজবংশী), বয়স- আঃ ২৫ বৎসর, স্বামী- দীপঙ্কর রাজবংশী, সাং- পীরের হাট লেন, পোঃ ও থানা- শান্তিপুর, জেলা- নদীয়া, পিন- ৭৪১৪০৪, বর্তমান সাং- বেলান্ডুর ইমলুর রোড (দূর্গা মন্দিরের নিকট), পোঃ ও থানা- বেলান্ডুর, জেলা- ব্যাঙ্গালোর, পিন- ৫৬০১০৩।<br>২) মানিক সরকার, বয়স- আঃ ৫৫ বৎসর, পিতা- অজ্ঞাত,<br>৩) বিশাখা সরকার, বয়স- আঃ ৪৫ বৎসর, স্বামী- মানিক সরকার,<br>৪) গোপাল সরকার, বয়স- আঃ ২৩ বৎসর, পিতা- মানিক সরকার,<br>২ হইতে ৪ নং এর সাং- পীরের হাট লেন, পোঃ ও থানা- শান্তিপুর, জেলা- নদীয়া, পিন- ৭৪১৪০৪।<br>৫) সঞ্জয় রাজবংশী, বয়স- আঃ ২৭ বৎসর, পিতা- শ্যামল রাজবংশী,<br>৬) শ্যামল রাজবংশী, বয়স- আঃ ৫০ বৎসর, পিতা- অজ্ঞাত,<br>৭) শিখা রাজবংশী, বয়স- আঃ ৪৫ বৎসর, স্বামী- শ্যামল রাজবংশী,<br>৫ হইতে ৭ নং এর সাং- প্রাচীন মায়াপুর, শ্রীচৈতন্য কলোনী (নিমাই জন্মস্থানের পেছনে গঙ্গার ধারে), পোঃ ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন- ৭৪১৩০২, বর্তমান সাং- বেলান্ডুর ইমলুর রোড (দূর্গা মন্দিরের নিকট), পোঃ ও থানা- বেলান্ডুর, জেলা- ব্যাঙ্গালোর, পিন- ৫৬০১০৩।<br>৮) সুস্মিতা রাজবংশী, বয়স- আঃ ২৯ বৎসর, স্বামী- অমিত রাজবংশী, সাং- লালসাধুর গলি (টাইগার ক্লাবের নিকট), পোঃ ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন- ৭৪১৩০২। |

Dipankar Rajbanshi

**ভারতীয় ন্যায় সংহিতা আইনের ৮২(১) / ৬১(২) / ৩(৫) ধারা মতে দরখাস্ত ।**

সবিনয় নিবেদন এই যে,

বাদীর সহিত ১ নং আসামীর আনুমানিক ৮ বৎসর পূর্বে অর্থ্যাৎ বাংলার ১৪২৪ সালের ২৮ শে ফাল্গুন হিন্দু শাস্ত্র মতে দেখাশোনা করিয়া বিবাহ হয়। বিবাহের পর ১নং আসামী বাদীর বাড়িতে যাইয়া তাহার সহিত স্বামী-স্ত্রী রুপে ঘর সংসার করিতে শুরু করে। ১নং আসামী একজন স্বেচ্ছাচারী প্রকৃতির মহিলা হইতেছেন। ১নং আসামী বিবাহের পর হইতে কোনদিনই বাদী ও তাহার পরিবারের লোকজনের সাথে মানিয়ে নিতে পারেন নাই এবং তাহাদের প্রতি ১ নং আসামীর কোনো প্রকার ভক্তি শ্রদ্ধাও ছিলনা। বাদী শ্রমিকের কাজ করেন। সেই কারণে তাহার আয় খুব সামান্য এবং তাহার এই সামান্য আয়ের কারণে বাদী সবসময় ১ নং আসামীর সমস্ত চাহিদা পূরণ করিতে পারিতেন না। যেকারণে ১নং আসামি সবসময় বাদীর সহিত অশান্তি করিতেন এবং তাহাকে আকথা কুকথা শোনাইতেন। এইসব কারণে বেশী রোজগারের উদ্দেশ্যে বাদী পশ্চিমবঙ্গের বাইরে অন্য রাজ্যে রাজমিস্ত্রি জোগালে শ্রমিকের কাজে যান। এরপর ১নং আসামী বাদীর বাড়ির বাইরে থাকার সুযোগ লইয়া অনেকের সহিত অবৈধ সম্পর্কে জড়িয়ে পড়ে এবং বাদীকে অবহেলা করিতে শুরু করে। বাদী ফোন করিলে বেশীরভাগ সময়ই ১ নং আসামীকে অন্যত্র ব্যস্ত পাইতেন এবং বাদীর সহিত ফোনে কথা বলিতেন না। এরপর বাদী বাড়ি ফিরিয়া জানিতে পারেন ১ নং আসামী ৫নং আসামীর সহিত অবৈধ সম্পর্কে জড়িয়ে পড়েছেন। বাদী উক্ত বিষয়ের প্রতিবাদ করিলে ১নং আসামী বলেন, ‘যা করেছি, বেশ করেছি’। এরপর বাদী ১ নং আসামীকে অনেক বোঝানোর চেষ্টা করেন কিন্তু ১ নং আসামী বাদীর কোনো কথাই শোনেন না এবং ২৭/০৩/২০২৫ তারিখে ১নং আসামী তাহার সমস্ত জিনিসপত্র লইয়া একমাত্র নাবালক পুত্র সন্তানকে ফেলিয়া চলিয়া যান। তৎপর বাদী নবদ্বীপ থানায় উক্ত বিষয়ে মিসিং ডায়েরী করিলে বেশ কিছুদিন উক্ত ১ ও ৫ নং আসামীকে পুলিশ নবদ্বীপ থানায় আনিয়া বাদীর সহিত মীমাংশা করিয়া দেন এবং উক্ত তারিখে নবদ্বীপ থানা হইতে বাহির হইবার পর বাদীর সহিত বাড়ীতে আসিবার সময় ১নং আসামী এক দৌড় দিয়া পালাইয়া চলিয়া যান। এরপর ১নং আসামী ফোন মারফৎ বাদী ও তাহার পরিবারের লোকজনের বিরুদ্ধে মিথ্যা বধূ নির্যাতনের মামলা সহ আরও অন্যান্য মামলা মোকর্দ্দমা করিবেন বলিয়া হুমকী দিতে থাকেন। এরপর বাদী সোশাল মিডিয়ার ফেসবুক মারফৎ জানিতে পারেন যে, ১নং আসামী, ৫নং আসামীর সহিত বিবাহ করিয়া ৫নং আসামীর পিতা-মাতার কর্মসুত্রের ঠিকানা ব্যাঙ্গালোরে স্বামী-স্ত্রী হিসাবে ঘর সংসার করিতেছেন। ২নং হইতে ৪নং আসামীগণ ১নং আসামীর পিতা, মাতা ও ভাই হইতেছেন এবং ৬নং হইতে ৮নং আসামীগণ ৫নং আসামীর পিতা মাতা ও দিদি হইতেছেন। ১নং ও ৫নং আসামীর মধ্যে অবৈধ সম্পর্ক অথবা বিবাহ ২নং হইতে ৪নং ও ৬নং হইতে ৮নং আসামীগণের প্রত্যক্ষ সহযোগিতা এবং মদোতে হইয়াছে এবং তাহারা সমস্ত বিষয় জানা সত্ত্বেও সমস্ত কিছু গোপন করিয়াছে। বিগত ইংরাজী ১৬/০৮/২০২৫ তারিখ বাদী ১নং আসামীর পরিবারের লোকজন আসিয়া বাদীর বাড়ীতে ঝগড়া অশান্তি শুরু করিলে বাদী তাহাদের নিকট সকল বিষয়ে মীমাংশা করিয়া লইতে বলেন এবং ১নং আসামীর পরিবারের লোকজন অকথ্য ভাষায় গালিগালাজ করিয়া অপমান করেন এবং বলেন, ‘তারা যা

Dipankar Rajbanshi

করেছে, বেশ করেছে, যা পারিশ করে নেগা'। বাদী নবদ্বীপ থানায় যাইয়া উক্ত ঘটনার কথা জানাইলে পুলিশ বাদীকে বলে, ঠিক আছে আপনি বাড়ী যান পরে আমারা দেখছি, কিন্তু দীর্ঘ দিন কোন পদক্ষেপ না নিলে বাদী পুনরায় থানায় যায় কিন্তু তাহাকে ঐ একই ভাবে দেখছি-দেখবো বলিয়া ঘোরাইতে থাকে এবং অবশেষে কোর্টে যাওয়ার নির্দেশ দেন, সেকারণে বাদী কোনরুপ দিক না পাইয়া হুজুর আদালতের নিকট শরণাপন্ন হইলেন।

হুজুরের নিকট বাদীর প্রার্থনা এই যে, বাদীর অত্র দরখাস্ত গ্রহন করতঃ আসামী ও স্বাক্ষীদের তলব পূর্বক আসামীগণের বিরুদ্ধে প্রয়োজনীয় আদেশ প্রচার করিয়া সুবিচার করিতে আজ্ঞা হয় । নিবেদন ইতি তাং -

NOTARY
SUBRATA GUIN
GOVERNMENT OF INDIA
Nabadwip Court
COURT FEE
Regd. No. 55673/2025
Exp. 6-8-2030
ONE RUPEE

Serial No. 351
Book No. 1
Volume No. 1
Page No. 9
Date 25/8/25

হলফনামা

আমি, শ্রী দীপঙ্কর রাজবংশী, বয়স- ৩৫ বৎসর, পিতা- শ্রী শ্রীবাস রাজবংশী, জাতি- হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা- লেবার, সাং- শ্রীচৈতন্য কলোনী, পোঃ ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিননং- ৭৪১৩০২, পঃ বঃ, প্রতিজ্ঞা পূর্বক কহিতেছি যে,

১। আমি উপরোক্ত মোকর্দ্দমার বাদী হইতেছি ।
২। উপরোক্ত বিবরন সকল আমার কথা মত লেখা হইয়াছে ।
৩। উপরোক্ত সকল বক্তব্য আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য হইতেছে ।

Dipankar Rajbanshi

হলফকারী

সনাক্তকারী

Subrata Rajbanshi
Advocate
E. no - F/5384/5910/2024

Solemnly affirmed before me by D. Rajbanshi
of Sree Chaytanna Colony Nabadwip
Aadhaar Card / PAN Card / Voter Card
No. 4472 9022 7352
Identification by Advocate / Clerk S. Rajbanshi
After verification and satisfaction Sign this affidavit
on this the 25th Day of Aug 2025 Time: 10.45a.m

Subrata Guin 25/8/25
Subrata Guin
Notary
Govt. Of India
Nabadwip Court, Nadia
Reg. No.- 55673/2025